শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
**ঢাকা মশক নিবারণী দপ্তর**
২২/১/এ, নূর ফাতাহ লেন, লালবাগ, ঢাকা-১২১১
www.dmco.gov.bd

**বিষয়ঃ ঢাকা মশক নিবারণী দপ্তরের জানুয়ারি,২০২৩ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোহাম্মদ শামছুল ইসলাম<br>উপসচিব ও ভারপ্রাপ্ত কর্মকর্তা<br>ঢাকা মশক নিবারণী দপ্তর, ঢাকা। |
| সভার তারিখ ও সময় | : | ১২ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিঃ, দুপুর ১২.০০ ঘটিকা। |
| সভার স্থান | : | ঢাকা মশক নিবারণী দপ্তরের সভা কক্ষ (কক্ষ নং-২০২)<br>২২/১/এ, নূর ফাতাহ লেন, লালবাগ, ঢাকা-১২১১। |
| উপস্থিত কর্মচারীদের তালিকা | : | **পরিশিষ্ট-"ক"** |

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি বলেন ঢাকা উত্তর এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এলাকায় এডিস মশা বাহিত ডেঙ্গু ও চিকুনগুনিয়া রোগ প্রতিরোধে প্রশাসনিক মন্ত্রণালয়ের সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের লক্ষ্যে অদ্যকার সভার আয়োজন করা হয়েছে। সম্প্রতি ঢাকা মহানগরীতে ডেঙ্গুর প্রকোপ বাড়ছে এবং ডেঙ্গু রোগির সংখ্যাও ক্রমান্বয়ে বাড়ছে। ডেঙ্গুর প্রকোপ হতে নগরবাসীকে রক্ষার জন্য ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনে নিয়োজিত এ দপ্তরের কর্মচারীগণকে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন/আঞ্চলিক কার্যালয়ের কর্মকর্তাগণের তত্ত্বাবধানে থেকে তাদের উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করতে হবে। মশক কর্মীর নিজেদের সুরক্ষার পাশাপাশি ডেঙ্গুর প্রজনন স্থল ধ্বংস/বিনষ্ট করাসহ ডেঙ্গু প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধিতে স্ব স্ব এলাকার অঞ্চলগুলোতে সকলকে কাজ করতে হবে। অতঃপর তিনি সভার আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য প্রশাসনিক কর্মকর্তাকে (অতিরিক্ত দায়িত্ব) আহবান জানান।

২। প্রশাসনিক কর্মকর্তা (অঃদাঃ) জনাব মোঃ জামাল উদ্দিন সভার আলোচ্যসূচি, বিগত সভার কার্যবিবরণী ও সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন ও অগ্রগতি উপস্থাপন করেন। পরবর্তীতে সভাপতির অনুমতিক্রমে ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনে সংযুক্ত "ক্রু"গণ তাদের কার্যক্রমের তথ্য উপস্থাপন করেন। মশক নিবারণী দপ্তরের হিসাব রক্ষক জনাব মোঃ আমিনুল ইসলাম ভূইয়া ও ষ্টোর কিপার জনাব মোঃ গিয়াস উদ্দিন আলোচনায় অংশগ্রহণ করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১। | বিগত মাসিক সভার কার্যবিবরণী উপস্থাপন ও নিশ্চিতকরণ | সভার প্রারম্ভে গত আগস্ট, ২০২২ মাসের সমন্বয় সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনীর প্রয়োজন আছে কিনা তা জানতে চাওয়া হলে উপস্থিত সকল কর্মচারী জানান যে কোনরূপ সংশোধনের প্রয়োজন নেই। | কোন সংশোধনী না থাকায় বিগত মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। | ঢাকা মশক নিবারণী দপ্তর |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ২। | বিগত মাসিক সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং ঢাকা উত্তর এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এলাকায় এডিস মশা বাহিত ডেঙ্গু ও চিকুনগুনিয়া রোগ প্রতিরোধে প্রশাসনিক মন্ত্রণালয়ের সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন। | সম্প্রতি ঢাকা মহানগরীতে ডেঙ্গুর প্রকোপ বৃদ্ধির পাশাপাশি ডেঙ্গু রোগির সংখ্যাও ক্রমান্বয়ে বাড়ছে। নগরবাসীকে ডেঙ্গুর প্রকোপ হতে রক্ষার জন্য ঢাকা দক্ষিণ ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে নিয়োজিত এ দপ্তরের কর্মচারীগণকে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন/আঞ্চলিক কার্যালয়ের কর্মকর্তাগণের তত্ত্বাবধানে থেকে তাদের উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালনের বিষয়ে আলোচনা করা হয়। | ১। মশক সুপারভাইজার/ইনসেক্ট কালেক্টর/ক্রুগণ-কে ডেঙ্গুর প্রজনন স্থল ধ্বংস/বিনষ্ট করাসহ ডেঙ্গু প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধিতে স্ব স্ব এলাকায়/অঞ্চলগুলোতে যথাযথভাবে কাজ করতে হবে;<br><br>২। ঢাকা দক্ষিণ ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের কর্মপরিকল্পনা মোতাবেক নির্ধারিত সময়ে যথাযথভাবে লার্ভিসাইড প্রয়োগ নিশ্চিত করতে হবে;<br><br>৩। মশার প্রজনন কেন্দ্র বা প্রজনন স্থল ধ্বংসের লক্ষ্যে বাড়ী/হোল্ডিং পর্যায়ে পরিদর্শন কার্যক্রম নিশ্চিত করতে হবে। একদিন পর পর কীটনাশক প্রয়োগের স্থানে লার্ভার বংশ বিস্তার হচ্ছে কিনা তা পরীক্ষা করতে হবে;<br><br>৪। ফগিং মেশিন দ্বারা কীটনাশক-কে ধূমায়িত করে এডাল্ট/উড়ন্ত মশা নিধন করতে হবে;<br>৫। জলাবদ্ধ ড্রেন ও জলাশয়ে নিয়মিতভাবে চামুচ মেরে (লার্ভা পরীক্ষার লম্বা হাতলযুক্ত চামুচ) লার্ভা আছে কিনা তা পরীক্ষা করতে হবে এবং উর্ধ্বতন কর্তৃপক্ষকে সাথে সাথে অবহিত করতে হবে;<br><br>৬। মশক নিধন কার্যক্রম পরিচালনার সময় স্ব স্ব সুরক্ষা সামগ্রী পরিধান নিশ্চিত করতে হবে;<br>৭। সুপারভাইজার/ইনসেক্ট কালেক্টর/ ক্রু'গণ উর্ধ্বতন কর্তৃপক্ষের বিধি সম্মত আদেশ/নির্দেশনা যথাযথভাবে পরিপালন করবেন; | সুপারভাইজার/ইনসেক্ট কালেক্টর/ক্রু |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
| --- | --- | --- | --- | --- |
| | | | ৮। মশক নিধন কাজে ব্যবহৃত কীটনাশকের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে;<br><br>৯। সুপারভাইজার/ইনসেক্ট কালেক্টর/ ক্রু'গণ-কে শৃঙ্খলা পরিপন্থী কোন কাজে জড়িত হওয়া যাবে না;<br><br>১০। মশক নিধন কার্যক্রমে সংশ্লিষ্ট সকল পর্যায়ের কর্মচারীগণকে নিষ্ঠা ও আন্তরিকতার সাথে স্ব স্ব দায়িত্ব পালন করতে হবে। অর্পিত দায়িত্ব পালনে কোন ত্রুটি বা অবহেলা পরিলক্ষিত হলে বা প্রমাণিত হলে প্রচলিত আইন/বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। | |
| ৩। | অভ্যন্তরীণ প্রশিক্ষণ | ঢাকা মশক নিবারণী দপ্তরের কর্মচারীদের কাজের গতিশীলতা বৃদ্ধির জন্য অভ্যন্তরীণ প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে মর্মে আলোচনা করা হয়। | চলতি ২০২২-২৩ অর্থবছরের মধ্যেই কর্মচারীদের অভ্যন্তরীণ প্রশিক্ষণ প্রদান করা হবে; | ঢাকা মশক নিবারণী দপ্তর |
| ৪। | পেনশন/গ্রাচুইটি সংক্রান্ত; | ঢাকা মশক নিবারণী দপ্তরের পিআরএল গমণকারী কর্মচারীদের অগ্রাধিকার ভিত্তিতে পেনশন/গ্রাচুইটি প্রদান করতে হবে মর্মে আলোচনা হয়। | পিআরএল গমণকারী কর্মচারীদের নামের তালিকা প্রস্তুতপূর্বক দ্রুততম সময়ের মধ্যে যাবতীয় পাওনা পরিশোধ করতে হবে; | ১। প্রশাসনিক কর্মকর্তা<br>২। হিসাবরক্ষক |

৩। পরিশেষে সভাপতি ঢাকা মশক নিবারণী দপ্তরের সার্বিক কার্যক্রমে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে সকল পর্যায়ের কর্মচারীগণকে নিষ্ঠা ও আন্তরিকতার সাথে দায়িত্ব পালনের জন্য পরামর্শ প্রদান করেন। অদ্যকার সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সকলকে নিষ্ঠা ও আন্তরিকতার সাথে কাজ করার আহবান জানান এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/০২/২০২৩

মোহাম্মদ শামছুল ইসলাম
উপসচিব
ও
ভারপ্রাপ্ত কর্মকর্তা (অঃদাঃ)
ঢাকা মশক নিবারণী দপ্তর, ঢাকা।
ফোনঃ ০২-২২৩৩৬৯২৯৭
E-mail: dmco@lgd.gov.bd

নম্বর: ৪৬.২০.০০০০.০০০.০৬.০০২.২২-**৮৯/১(৩০)** তারিখঃ ০১ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ
১৪ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিঃ

**অনুলিপি** : **সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব, নগর উন্নয়ন/প্রশাসন, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, নগর ভবন, ঢাকা।
৪। প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, ঢাকা দক্ষিণ ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, নগর ভবন, ঢাকা।
৫। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্থানীয় সরকার বিভাগ, সিজিএ ভবন (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
৬। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল--------, ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
৭। সহকারী স্বাস্থ্য কর্মকর্তা, অঞ্চল-------, ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
৮। সুপারভাইজার/ইনসেক্ট কালেক্টর/ক্রু (সকল), অঞ্চল-----, ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
৯। হিসাব রক্ষক, ঢাকা মশক নিবারণী দপ্তর।
১০। কম্পিউটার মুদ্রাক্ষরিক, ঢাকা মশক নিবারণী দপ্তর (কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
১১। নোটিশ বোর্ড, ঢাকা মশক নিবারণী দপ্তর।
১২। অফিস-কপি/মাস্টার কপি, ঢাকা মশক নিবারণী দপ্তর।

২৪/০২/২০২৩

মোঃ জামাল উদ্দিন
প্রশাসনিক কর্মকর্তা(অঃদাঃ)
ঢাকা মশক নিবারণী দপ্তর, ঢাকা।